# দিঘলিয়া উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-২)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৯ জুলাই ২০২৪, সোমবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জুন/২০২৪, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জুন/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, জুন/২০২৪ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করার মত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান-দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জুন/২০২৪ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয়।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি। | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, গত অর্থবছরে এডিপি ও ইউডিএফ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। চলতি ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন হতবিলের আওতায় অত্র উপজেলায় বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর কোন অর্থ বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থদ্বারা নতুন প্রকল্প গ্রহণ ও কাজ বাস্তবায়নের ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গত ২০১৬-১৭ অর্থ বছরের এডিপির অর্থায়নে অত্র উপজেলা পরিষদ হতে স্কীম গ্রহণ করে সেটি টেন্ডারের মাধ্যমে নির্ধারিত স্কীম এর কাজ বাস্তবায়ন কালে জমি সংক্রান্ত জটিলতা দেখা দিলে উক্ত প্রকল্পের টাকা পে-অর্ডার করে রাখা হয়। কিন্তু নির্ধারিত প্রকল্পের জমি সংক্রান্ত জটিলতা অদ্যবর্ধি নিরাসন না হওয়ায়। পে-অর্ডারকৃত টাকা উপজেলা উন্নয়ন তহবিলে জমা প্রদান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে নতুন প্রকল্প গ্রহনকরার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে গত ২০১৬-১৭ অর্থবছরের পে-অর্ডারকৃত টাকা উপজেলা উন্নয়ন তহবিলে জমা প্রদান করাসহ উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br><br>উপজেলা পরিষদ,<br><br>উপজেলা নির্বাহী অফিসার,<br><br>ও উপজেলা প্রকৌশলী<br><br>দিঘলিয়া খুলনা। |
| ০৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি | সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার দাপ্তরিক কাজের গতি আরো তরম্বিত করার লক্ষ্যে অত্র অফিসে ০১ টি ডেস্কটপ জরুরী ভিত্তিতে প্রয়োজন। তাছাড়া জাইকার সহযোগিতায় উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের ০৩ দিনের কর্মশালার আয়োজন করা যেতে পারে। উক্ত কর্মশালয় ৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫০জন প্রধান শিক্ষক, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিসহ ইউনিয়ন পরিষদের সদস্য ৩৬ জন, মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ৫০ জন এবং মাধ্যমিক বিদ্যালয়ের কমিটির সদস্য ৫০ জন সর্বমোট=১৮৬ জন সদস্য অংশ নিতে পারে। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচনাক্রমে নির্ধারিত কার্যক্রম সমূহ যাতে দ্রুত সমাধানের ব্যবস্থা করা যায় সে বিষয়ে সকল প্রকার সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা সমাজ কল্যান কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতাভোগী মৃত্যু বরন করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপরিবর্তে নতুন ভাতাভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গনকে পত্র দেয়া হয়েছে। তিনি জানান যে, জুলাই/২৪ মাসে ঘুর্নায়মান তহবিলের বিভিন্ন প্রকল্প গ্রাম হতে আদায়কৃত টাকার পরিমান ৪,৬৩,৩৮০/- টাকা ঘুর্ণায়মান তহবিলের বিভিন্ন প্রকল্পের স্কীম গ্রহীতাদের নিকট থেকে অনাদায়ী অর্থ আদায়ের লক্ষ্যে চূড়ান্ত লাল নোটিশ প্রদান করা হয়। তাদের মধ্যে ০২ জন অনাদায়ী ঋণ গ্রহীতা ঋনের টাকা জমা দিয়েছে। বাকী অনাদায়ী স্কীম গ্রহীতাদের সার্টিফিকেট মামলা করার জন্য সভায় উপস্থাপন করা হলো। তিনি আরো বলেন সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সংক্রান্ত সমাজসেবা অধিদপ্তর হতে একটি পত্র পাওয়া যায়। সে প্রেক্ষিতে কমিটির সকল সদস্যদের সাথে আলোচনা সাপেক্ষে বাস্তবায়ন করাসহ সমাজসেবার বৃহৎ কার্যক্রম বাস্তবায়নের জন্য | সভায় বিস্তারিত আলোচনান্তে মৃত্যু ভাতাভোগীদের পরিবর্তে নতুন ভাতাভোগীর তালিকা প্রনয়ন করাসহ ঘূর্ণায়মান তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের লক্ষ্যে লাল নোটিশ প্রদান করা এবং প্রত্যেক ইউনিয়নের ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০১ টি অফিস কক্ষে (০১ জন কর্মকর্তাসহ মোট ০৬ জন) কে কার্যক্রম পরিচালনা করা খুবই কষ্টকর হচ্ছে। বিধায় মহোদয়ের নিকট আবেদন ০১ (এক) টি অতিরিক্ত কক্ষ বরাদ্দের জন্য অনুরোধ করা হলো। | | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মানন্নোয়নের জন্য যথাযথ মনিটরিং ও পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। এ বিষয় উপজেলা একাডেমিক সুপারভাইজারকেও গুরুত্বপূর্ন ভূমিকা পালনের আহবান জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরনপূর্বক দাপ্তরিক কার্যপরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি | সভায় উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, বর্তমানে আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। নারী ও শিশু পাচার প্রতিরোধ কার্যক্রম অব্যহত আছে। মাদকনিয়ন্ত্রণে তিনি সর্বদা সজাগ দৃষ্টি রেখেছেন। গোয়েন্দা ভিত্তিতে কোথায় কোন মাদকের সন্ধান পেলে তিনি সাথে সাথে ব্যবস্থা গ্রহণ করছেন। এছাড়া বাল্য বিবাহ প্রতিরোধ কার্যক্রম অব্যহত আছে। আনসার ও ভিডিপি সদস্যগন নিজ নিজ এলাকায় মাদক ও বাল্য বিবাহের জন্য সদস্যদের উদ্বুদ্ধ করেন। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণরাখতে এবং মাদকনিয়ন্ত্রণে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা পরিবেশ ও বন কমিটি | উপজেলা পরিবেশ ও বন অফিসার জানান যে, বন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করাতকল মালিকদের লাইসেন্স করার জন্য উদ্বুদ্ধ করা হয়েছে। এছাড়া তিনি জানান যে, অত্র উপজেলায় বহু ফার্নিচারের দোকান আছে। কিন্তু একটির ও লাইসেন্স নাই। এই ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রথম বারের মতো করাত কল মালিক গণকে নোটিশের মাধ্যমে তাদের করাত কল ও ফার্নিচার দোকান গুলোকে লাইসেন্স করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসারসহ সংশ্লিষ্ট সকল, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা কৃষি দপ্তর | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে মাঠে বোনা আমন ৮০০ হে: বোরো আবাদ হয়েছে। খরিপ-২ মৌসুমে ২৫০ হেঃ জমিতে সবজি আবাদ হয়েছে। ফসলের পোকা মাকড় ও রোগের প্রাদুর্ভাব ও প্রাকৃতিক দুর্যোগ না থাকায় বর্তমানে মাঠে বোরো ধান ও সবজির অবস্থা খুব ভালো ও কৃষকরা আনন্দিত। তিনি বলেন খরিপ-২ মৌসুমে ২৪০ হেক্টর জমিতে বিভিন্ন প্রকার সবজি আবাদ নির্ধারণ করা হয়েছিল। এ মৌসুমে ২৫০ হেক্টর সবজি আবাদ হয়েছে বলে উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন। বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া: ১০৫ মেঃটন, টিএপি: ৪৫ মেঃটন, ডিএডি: ৯০ মেঃটন, এমওপি: ৩০ মেঃটন যাহা সন্তোষজনক। অত্র অঞ্চলে চুঁইঝালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বাজারমূল্য বেশী থাকায় অত্র উপজেলা কৃষকদের মাঝে চুঁইঝাল চাষে ব্যাপক সাড়া পড়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সবজি আবাদে কৃষকদের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করাসহ অত্র উপজেলায় চুঁইঝালের ব্যাপক চাষাবাদের চাহিদা রয়েছে। সে চহিদা পূরণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল অথবা এডিপি অর্থ হতে বরাদ্দ প্রদান করে তার বিপরীতে কৃষকদের মাঝে চুঁইঝালের চারা বিতারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | বিবিধ আলোচনা উপজেলা মৎস্য দপ্তর | সভায় উপজেলা সিনিয়র মৎস্য অফিসার জানান যে, আগামী ৩০ জুলাই হতে ০৫ আগস্ট ২০২৪ খ্রি: জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপিত হবে। আগামী ৩১ জুলাই উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে জনাব আব্দুস সালাম মুর্শেদী, মাননীয় সংসদ সদস্য,১০২ খুলনা-৪ মহোদয় ভিডিও কনফারেন্সে যুক্ত থাকবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ যথাযথ মর্যাদায় পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উদ্বোধনী অনুষ্ঠানে সকলের উপস্থিতি কামনা করছি এবং জাতীয় মৎস্য সপ্তাহের সাফল্য কামনা করছি। | | |
| ১২ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, উত্থাপিত সাবরেজিষ্টার অফিসের নতুন জায়গা বরাদ্দের জন্য আলোচনাকালে প্রাণিসম্পদ অফিসার জানান বর্তমানে মাত্র ৩০ শতক জমির উপর প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল স্থাপিত যা অত্যন্ত ছোট পরিসর। একটি পূর্ণাঙ্গ হাসপাতালের কার্যক্রম চালাতে ও আবশ্যকীয়ভাবে ক্যাম্পাস নার্সারী প্রাঙ্গন, ঘাসচাষ সম্প্রসারণ, ঘাসের কাটিং বিতরণ, রিপোট প্রস্তুতিকরণের জন্য ঘাসের জমি আবশ্যক। প্রাণিসম্পদ দপ্তরের বাউন্ডরী ওয়ালের ভেতরে রক্ষিত অফিসচত্বর ও ক্যাম্পাস নার্সারীর জন্য সামান্য জায়গাটুকুতে অন্য কেনো দপ্তরের বা উপজেলা পরিষদের অন্য কোন স্থাপনা/ভবন স্থাপন না করার জন্য মতামত প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদ অফিসের সম্মুখে যে জায়গা রয়েছে সেখানে আবশ্যকীয়ভাবে ক্যাম্পাস নার্সারী প্রাঙ্গন, ঘাসচাষ সম্প্রসারণ, খামারীদের মাঝে ঘাসের কাটিং বিতরণ, রিপোট প্রস্তুতিকরণের কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, ইউপি | সভায় মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, অত্র উপজেলার দুইটি জনবহুল খেয়াঘাট রয়েছে যার একটি হচ্ছে দৌলতপুর খেয়াঘাট অপারটি হচ্ছে নগরঘাট খেয়াঘাট। এ দুইটি খেয়াঘাট হতে দৈনন্দিন জীবন পরিচালনা, উন্নত চিকিৎসাসহ নানান কারনে এই দুইটি খেয়াঘাট হতে প্রতিদিন হাজার হাজার সাধারণ জনগন পারাপার হয় । কিন্তু নগরঘাট খেয়াঘাটে যাত্রীদের সুবিধার্থে কোন যাত্রী ছাউনি না থাকায় সাধারণ জনগনকে বিভিন্ন রকম অসুবিধা হয়ে থাকে এবং দৌলতপুর খেয়াঘাটে নৌকা ভিড়ানোর জায়গায় নদীর পলী মাটি পড়ে ভরাট হয়ে যাওয়ায় নৌকায় উঠা নামায় যাত্রীদের দুরভোগ সৃষ্টি হচ্ছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে নগরঘাট খেয়াঘাটে সাধারন জনগণের সুবিধার্থে একটি যাত্রী ছাউনি নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা করাসহ দৌলতপুর খেয়াঘাটে নৌকা ভিড়ানোর স্থানে পলী কেটে মাটি অন্যাত্র ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সকল দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানগনকে দাপ্তরিক কার্য যথাযথভাবে বাস্তবায়ন করাসহ উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদ্বয় প্রতিটি স্কুল নিয়মিত মনিটরিং করে তার প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন উপজেলা কৃষি অফিসার মহোদয়কে সরেজমিনে কৃষকের কাছে গিয়ে তাদের সঠিক পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় এ বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তর প্রধানগন তাদের দাপ্তরিক কার্য সঠিক সময়ের মধ্যে সম্পাদন করে তার প্রতিবেদনের এক কপি উপজেলা পরিষদে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণ দিঘলিয়া, খুলনা। |

**জুন/ ২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। চেয়ারম্যান মহোদয়ের জুন/২০২৪ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৪। ভাইস চেয়ারম্যানের জুন/২০২৪ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৫। মহিলা ভাইস চেয়ারম্যানের জুন/২০২৪ মাসের সম্মানী = ৩,৬০০/-<br>০৬। জনাব লিয়াকত আলী খান, মালী এর জুন /২০২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৭। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর জুন/২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,২০০/- | ১০,৮৫,০৮০/- |

CamScanner

০৮। মোঃ রানা শেখ ইউপি সদস্য,দিঘলিয়া ইউনিয়ন পরিষদ ও প্রকল্প সভাপতি, দিঘালিয়া, খুলনা এর নামে উপজেলা অপ্রত্যাশিত খাত হতে উপজেলা হাসপাতাল কুকুরে কামড়ানোর রোগীর এন্টি রেভিস ভ্যাকসিন টিকা ক্রয় বাবদ বিল বাবদ=১,০০,০০০/-

০৯। মোঃ আজিজুর রহমান, ইউপি সদস্য, দিঘলিয়া ইউনিয়ন পরিষদ ও প্রকল্প সভাপতি, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা অপ্রত্যাশিত খাত হতে ঘূর্ণি ঝড় রেমাল এর আঘাতে ক্ষতিগ্রস্থদের মাঝে ঢেউটিন ক্রয় করে বিতরন প্রকল্পের বিল বাবদ=২,০০,০০০/-

১০। খান আরিফুল ইসলাম, ইউপি সদস্য, দিঘলিয়া ইউনিয়ন পরিষদ, ও প্রকল্প সভাপতি এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের ও হলরুমের আসবাবপত্র ক্রয় এর বিল বাবদ=২,০০,০০০/-

১১। মোঃ নাজমুল ইসলাম, ইউপি সদস্য, দিঘলিয়া ইউনিয়ন পরিষদ, ও প্রকল্প সভাপতি এর নামে উপজেলা পরিষদের অফিস সরঞ্জম এবং প্রিন্টার, এসি, মেরামত কাজের বিল বাবদ=২,০০,০০০/-

১২। কে, এম, আকবর আলী, ইউপি সদস্য, দিঘলিয়া ইউনিয়ন পরিষদ, ও প্রকল্প সভাপতি এর নামে উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত এবং রংকরন কাজের বিল বাবদ=১,৯৯,০০০/-

১৩। মোঃ হাফিজুর রহামান অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে পরিষদের ০৪ টি মিটারের বিল পরিশোধ বাবদ=২৫,৬৮০/-

১৪। আইব আলী, সাং- ব্রক্ষগাতী, দিঘলিয়া,খুলনা এর নামে উপজেলা পরিষদের ড্রেনসহ বিভিন্ন স্থানের আগাছা পরিস্কার পরিচ্ছন্ন কাজের নিয়োজিত দৈনিক হাজিরা মজুরী পরিশোধ বাবদ=২৩,৪০০/-

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-　　　　তারিখ: ২৯.০৭.২০২৪ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মনুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য সংরক্ষিত মহিলা আসন- খুলনা-
০২। জনাব এস, এম, কামাল হোসেন, মাননীয় সংসদ সদস্য খুলনা-৩
০৩। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪,
০৪। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৬। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৯। উপজেলা ................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
১০। চেয়ারম্যান, .....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১১। জনাব ............................................. সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫